“মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার”

## বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৫৭ তারিখ: ১৪ ফাল্গুন , ১৪২৯ বঙ্গাব্দ
২৭ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৮৫৮ তম কমিশন সভা অদ্য ২৭/০২/২০২৩ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে:-

কমিশন অদ্যকার সভায়, SME Sector এ দীর্ঘমেয়াদী অর্থায়নের সুযোগ সৃষ্টির লক্ষ্যে MK Footwear PLC এর ১০.০০ (দশ) কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য Bangladesh Securities and Exchange Commission (Qualified Investor Offer by Small Capital Company) Rules, 2022 অনুযায়ী ১০,০০০,০০০ টি সাধারণ শেয়ার প্রতিটি ১০/- টাকা মূল্যে QIO-এর মাধ্যমে Qualified Investors এর নিকট ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। এই QIO-এর মাধ্যমে ১০.০০ (দশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে কোম্পানিটি যন্ত্রপাতি ক্রয় এবং ইস্যু ব্যবস্থাপনা খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ০১ জুলাই, ২০২১ হতে ৩০ জুন, ২০২২ পর্যন্ত সময়কালের আর্থিক বিবরণী অনুযায়ী Diluted Earnings Per Share ৩.১৯ টাকা এবং শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV per share) পুনঃমূল্যায়ন ছাড়া ১২.৯৫ টাকা। SME Platform এ লেনদেনের তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছর ইস্যুয়ার কোম্পানি কোন বোনাস শেয়ার ইস্যু করতে পারবে না। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনা এবং Underwriter এর দায়িত্বে নিয়োজিত রয়েছে Alpha Capital Management Limited।

27-02-2023
মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
Phone (PABX) : +88-02-55007131-2 Fax : +88-02-55007106 E-mail : info@sec.gov.bd Web : www.sec.gov.bd